



১৫ আগস্ট, ২০২২ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ৪৭তম শাহাদত বার্ষিকী ও  
জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ আসসাदিকজামান  
উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, গাজীপুর।  
স্থান : উপজেলা পরিষদের সম্মেলন কক্ষ, কালীগঞ্জ, গাজীপুর।  
তারিখ : ১১.০৮.২০২২ খ্রি.  
সময় : দুপুর ১২.৩০ মি.।

সভায় উপস্থিত কর্মকর্তা ও সূধীজনের নামের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে বাংলাদেশের স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি শ্রদ্ধা  
জ্ঞাপন পূর্বক সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি জাতির পিতার প্রতি যথাযথ শ্রদ্ধায়  
৪৭তম জাতীয় শোক দিবস পালনের আহ্বান জানান। তিনি জাতীয় শোক দিবস ২০২২ ভাবগম্ভীর পরিবেশে পালনের নিমিত্ত  
মন্ত্রিপরিষদ বিভাগ এর ০৪ আগস্ট, ২০২২ এবং জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর এর ২৭ জুলাই, ২০২২ তারিখে অনুষ্ঠিত সভার  
সিদ্ধান্ত সমূহ পাঠ করে শুনান এবং গৃহীত সিদ্ধান্তের সাথে সংগতি রেখে কালীগঞ্জ উপজেলায় জাতীয় শোক দিবস পালন করার  
বিষয়ে সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন। অতঃপর সভায় বিস্তারিত আলোচনান্তে জাতীয় পর্যায়ে কর্মসূচীর সাথে  
সামঞ্জস্য রেখে সর্বসম্মতভাবে অত্র উপজেলায় নিম্নলিখিত কর্মসূচি গৃহীত হয়ঃ

১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০২২ পালন উপলক্ষে গৃহীত কর্মসূচিঃ

তারিখ ও সময়	কর্মসূচী	স্থান	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
সূর্যোদয়ের সাথে সাথে	জাতীয় পতাকা অর্ধনমিত রাখা	সকল সরকারি, আধা- সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনসমূহ	সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান
সকাল ১০ : ৩০ ঘটিকায়	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ।	উপজেলা পরিষদ প্রাঙ্গণ	উপজেলা পরিষদের সকল কর্মকর্তা/ কর্মচারীসহ সংশ্লিষ্ট সকল
সকাল ১০ : ৩৫ ঘটিকায়	আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন।	উপজেলা পরিষদ মুক্ত মঞ্চ	উপজেলা প্রশাসন, কালীগঞ্জ, গাজীপুর।
বাদ যোহর	পবিত্র কোরআন তেলাওয়াত, হামদ-নাত, আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন	ইসলামিক ফাউন্ডেশন পরিচালিত সকল শিক্ষা প্রতিষ্ঠান/মসজিদ	ইসলামিক ফাউন্ডেশন, কালীগঞ্জ, গাজীপুর।
বাদ যোহর ও সুবিধাজনক সময়ে	মসজিদসমূহে বাদ যোহর বিশেষ মোনাজাত এবং মন্দির, গির্জা, প্যাগোডা ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে সুবিধাজনক সময়ে বিশেষ প্রার্থনা।	স্ব-স্ব প্রতিষ্ঠান	সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান

(চলমান-২)

০২। এছাড়া সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :

- (১) শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক উপজেলাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহে (এনজিও পরিচালিত প্রতিষ্ঠানসহ) স্ব-স্ব কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়ন করার জন্য উপজেলা মাধ্যমিক ও প্রাথমিক শিক্ষা অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- (২) সকল মসজিদ/ মন্দির/ গীর্জা/ প্যাগোডায় বিশেষ মোনাজাত/ প্রার্থনার আয়োজনের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ধর্মীয় প্রতিষ্ঠান প্রধানদের অনুরোধ করা হয়। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ বিষয়টি নিশ্চিত করবেন।
- (৩) ১৫ আগস্ট ২০২২ জাতীয় শোক দিবসে সকলেই কালো ব্যাচ ধারণ করবেন। তাছাড়া পৌরসভা এবং সকল ইউনিয়ন পরিষদ যথাযথ মর্যাদায় জাতীয় শোক দিবস পালনের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয় এর নির্দেশনা মোতাবেক জাতীয় কর্মসূচির আলোকে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন করতঃ বাস্তবায়ন করবেন। পৌরসভার মেয়র এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান তীদের স্ব-স্ব পৌরসভা/ইউনিয়নের ইসলামী ফাউন্ডেশন দ্বারা পরিচালিত মসজিদ/শিক্ষা প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ পূর্বক দোয়া মাহফিল আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।
- (৪) ১৫ আগস্ট জাতীয় শোক দিবসের অনুষ্ঠানকে কেন্দ্র করে সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, কালীগঞ্জ থানা, গাজীপুরকে অনুরোধ করা হয়।
- (৫) ১৫ আগস্ট জাতীয় শোক দিবসের আয়োজিত অনুষ্ঠানস্থলে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য ডিজিএম, পল্লী বিদ্যুৎ, কালীগঞ্জ জোনাল অফিসকে অনুরোধ করা হয়।
- (৬) সকল কর্মকর্তা ও কর্মচারীদের আবশ্যিকভাবে ১৫ আগস্ট জাতীয় শোক দিবসের সকল কর্মসূচীতে সক্রিয়ভাবে অংশগ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি জাতীয় শোক দিবস, ২০২২ পালনের জন্য সকলের সহযোগীতা কামনাসহ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
২২.০৮.২০২২  
মোঃ আসসাদিকজামান  
উপজেলা নির্বাহী অফিসার

ও  
আস্থায়ক  
জাতীয় শোক দিবস, ২০২২ পালন কমিটি  
কালীগঞ্জ, গাজীপুর।

স্মারক নং-০৫.৪১.৩৩৩৪.০০০.০৫.১৪০.১৪- ৫৭৭

তারিখঃ ১১.০৮.২০২২ খ্রি.

বিতরণঃ সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। জনাব মেহের আফরোজ চুমকি, মাননীয় সংসদ সদস্য এবং সভাপতি, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি।
- ০২। জেলা প্রশাসক, গাজীপুর।
- ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, গাজীপুর।
- ০৪। মেয়র, কালীগঞ্জ পৌরসভা, কালীগঞ্জ, গাজীপুর।
- ০৫। সহকারী কমিশনার(ভূমি), কালীগঞ্জ, গাজীপুর।
- ০৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, গাজীপুর।
- ০৭। অফিসার ইনচার্জ, কালীগঞ্জ, গাজীপুর।
- ০৮। উপজেলা.....(সকল) কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর।
- ০৯। ডেপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি-১, কালীগঞ্জ জোনাল অফিস, গাজীপুর।
- ১০। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), কালীগঞ্জ, গাজীপুর।
- ১১। সভাপতি/ সম্পাদক, ....., কালীগঞ্জ, গাজীপুর।
- ১২। জনাব....., কালীগঞ্জ, গাজীপুর।
- ১৩। অফিস কপি।

  
১১.০৮.২০২২  
উপজেলা নির্বাহী অফিসার  
কালীগঞ্জ, গাজীপুর।